*কৃষিই সমৃদ্ধি*

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)**
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, ঢাকা
(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.০৬.০০১.২১.২০৯

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৭ / ১১ এপ্রিল, ২০২১

## অফিস আদেশ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর পরিচালনা পর্ষদের ২০২০-২১ অর্থ বছরের ১১তম জরুরি সভায় কৃষি ও কৃষিজাত পণ্য রপ্তানি ও আমদানি সহায়ক হিমাগারের কৃষি ও কৃষিজাত পণ্য সংরক্ষণ নীতিমালা অনুমোদিত হয়েছে। এখন থেকে কৃষি ও কৃষিজাত পণ্য রপ্তানি ও আমদানি সহায়ক হিমাগারে কৃষি পণ্য সংরক্ষণের ক্ষেত্রে অনুমোদিত নীতিমালা অনুসরণ করতে হবে। নীতিমালাটি পর্ষদের অনুমোদনের তারিখ (২৪ ফেব্রুয়ারি ২০২১) হতে কার্যকর বলে গণ্য হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তঃ নীতিমালা ২ (দুই) পৃষ্ঠা।


(মেরিনা সারমিন)
সচিব (প্রতিকল্প)
বিএডিসি, ঢাকা।
ফোন নং-৯৫৬৪৩৫৯
secretary@badc.gov.bd


স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.০৬.০০১.২১.২০৯

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৭ / ১১ এপ্রিল, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১।................................................................................................................বিএডিসি, ঢাকা।
(সকল বিভাগ/দপ্তর প্রধান)
২। প্রধান (মনিটরিং), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান/অর্থ/সার ব্য:/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫। অফিস কপি।

প্রধান (মনিটরিং), বিএডিসি
□ যুগ্ম □ ব্যবস্থাপক
□ উপ্র-১/২ □ প্রোগ্রামার
□ সপ্রক-১/২ □ সব্যক-১/২/৩
অন্যান্য :
ডায়েরী নং- ৪৬৩
তাং- ১১/০৪/২১
প্রধান (মনিটরিং)


(মোঃ মিজানুর রহমান)
যুগ্মপরিচালক (সওব্য)
বিএডিসি, ঢাকা।
ফোন নং-৯৫৫১৯০৬
js_om@badc.gov.bd

পরিশিষ্ট-৩

## কৃষি ও কৃষিজাত পণ্য রপ্তানি ও আমদানি সহায়ক হিমাগারের কৃষি ও কৃষিজাত পণ্য সংরক্ষণ নীতিমালা

**কৃষি ও কৃষিজাত পণ্য সংরক্ষণ নীতিমালাঃ**

১. রপ্তানি ও আমদানিকারকগণ অথবা প্রতিষ্ঠান হিমাগারে পণ্য সংরক্ষণের ক্ষেত্রে উপপরিচালক (রপ্তানি), কৃষি ও কৃষিজাত পণ্য রপ্তানি ও আমদানি সহায়ক হিমাগার, বিএডিসি, ঢাকা বরাবরে পণ্যের বিবরণ ও পরিমাণ উল্লেখ করে আবেদন করবেন এবং রপ্তানি ও আমদানিকৃত পণ্যের যাবতীয় কাগজ পত্রাদি প্রমাণক হিসেবে সংযুক্ত করবেন।

২. হিম (Chiller) কক্ষ অর্থাৎ প্লাস (+) তাপমাত্রার (০°C হতে ১২°C) কক্ষে যে সকল পণ্য সংরক্ষণ করা যাবে তার তালিকা নিম্নরূপ:

ক) সরকার অনুমোদিত রপ্তানিযোগ্য:

- দেশে উৎপাদিত সকল প্রকার শাক-সবজি
- দেশে উৎপাদিত সকল প্রকার মসলা, মসলা জাতীয় ফসল ও পান
- দেশে উৎপাদিত সকল প্রকার ফলমূল
- দেশে উৎপাদিত সকল প্রকার এভিয়ানের ডিম ও মাংস
- দেশে উৎপাদিত সকল প্রকার সতেজ মাছ, মাংস ও সামুদ্রিক খাদ্য সামগ্রি
- দেশে উৎপাদিত সকল প্রকার দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য এবং বেকারী সামগ্রি
- দেশে উৎপাদিত সকল প্রকার কৃষিজাত পণ্য ও খাদ্য সামগ্রি

খ) সরকার অনুমোদিত আমদানিকৃত:

- আমদানিকৃত সকল প্রকার কৃষিজাত পণ্য ও খাদ্য সামগ্রি
- আমদানিকৃত সকল প্রকার ফলমূল, শাক-সবজি, মসলা ও মসলা জাতীয় ফসল
- আমদানিকৃত সকল প্রকার এভিয়ানের ডিম ও মাংস
- আমদানিকৃত সকল প্রকার দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য এবং বেকারী সামগ্রি

৩. হিম কক্ষ অর্থাৎ মাইনাস (-) তাপমাত্রার কক্ষে (-১২°c হতে -২৫°c) যে সকল পণ্য সংরক্ষণ করা যাবে তার তালিকা নিম্নরূপ:

ক) সরকার অনুমোদিত রপ্তানিযোগ্য:

- দেশে উৎপাদিত সকল প্রকার হিমায়িত শাক-সবজি, ফলমূল, মসলা ও মসলা জাতীয় ফসল
- দেশে উৎপাদিত সকল প্রকার মাছ ও সামুদ্রিক খাদ্য সামগ্রি
- দেশে উৎপাদিত সকল প্রকার চিংড়ি, কচ্ছপ, কুচিয়া, কাঁকড়া ও কাঁকড়ার ডিম
- দেশে উৎপাদিত সকল প্রকার প্রাণির হালাল মাংস
- দেশে উৎপাদিত সকল প্রকার এভিয়ানের হালাল মাংস
- দেশে উৎপাদিত দুগ্ধ ও দুগ্ধ জাতীয় দ্রব্য এবং বেকারী সামগ্রি
- দেশে উৎপাদিত সকল প্রকার কৃষিজাত পণ্য ও খাদ্য সামগ্রি

খ) সরকার অনুমোদিত আমদানিকৃত:

- আমদানিকৃত সকল প্রকার হিমায়িত শাক-সবজি, ফলমূল, মসলা ও মসলা জাতীয় ফসল
- আমদানিকৃত সকল প্রকার হিমায়িত মাছ
- আমদানিকৃত সকল প্রকার হিমায়িত চিংড়ি ও কাঁকড়া এবং এদের দ্বারা প্রস্তুতকৃত খাদ্য সামগ্রি
- আমদানিকৃত সকল প্রকার সামুদ্রিক খাদ্য এবং মাছ ও মাংস দ্বারা প্রস্তুতকৃত খাদ্য সামগ্রি
- আমদানিকৃত সকল প্রকার প্রাণির হিমায়িত হালাল মাংস
- আমদানিকৃত সকল প্রকার হিমায়িত এভিয়ানের হালাল মাংস
- আমদানিকৃত হিমায়িত দুগ্ধ ও দুগ্ধ জাতীয় দ্রব্য এবং বেকারী সামগ্রি
- আমদানিকৃত সকল প্রকার হিমায়িত কৃষিজাত পণ্য ও খাদ্য সামগ্রি
- সরকার কর্তৃক আমদানিকৃত ভ্যাকসিন

৪. বাংলাদেশে প্রচলিত আইনানুসারে বিধি-নিষেধ আরোপিত কোন রপ্তানিযোগ্য অথবা আমদানিকৃত পণ্য সামগ্রি হিমাগারে রাখা যাবে না।

৫. পণ্য সংরক্ষণের পূর্বেই প্যাকেটের গায়ে উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ সঠিক আছে কিনা তা নিশ্চিত হতে হবে এবং হিমাগার কর্তৃপক্ষ দৈবচয়নের ভিত্তিতে (randomly) প্যাকেট খুলে বাহ্যিকভাবে পণ্যের বর্তমান অবস্থা যাচাই করতে পারবে। মেয়াদ উত্তীর্ণ পণ্য বিএডিসি হিমাগারে সংরক্ষণ করা যাবে না।

৬. বিএডিসি হিমাগারে সংরক্ষণকৃত পণ্য সঠিকভাবে সংরক্ষণ করা হয়েছে কিনা, তা যাচাইয়ের জন্য হিমাগারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিতভাবে হিমকক্ষের পণ্যসামগ্রী পর্যবেক্ষণ করবেন এবং সংশ্লিষ্ট রপ্তানি/ আমদানিকারকগণ অথবা সংরক্ষণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি হিমাগার কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গুণগতমান ও মেয়াদ উত্তীর্ণের তারিখ যাচাইয়ের জন্য নিজ দায়িত্বে প্রতিমাসে অন্তত: একবার সংরক্ষিত পণ্যের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করবেন।

৭. হিমাগারে সংরক্ষিত পণ্য মেয়াদ উত্তীর্ণ (expiry date) হওয়ার ০৭ (সাত) দিন পূর্বেই রপ্তানি/ আমদানিকারকগণ অথবা প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে পণ্য সামগ্রী নিয়ে যেতে হবে। অন্যথায় মেয়াদ উত্তীর্ণ পণ্যের দায় দায়িত্ব হিমাগার কর্তৃপক্ষ বহন করবে না এবং মেয়াদ উত্তীর্ণ পণ্যের দায় দায়িত্ব সংশ্লিষ্ট রপ্তানি/ আমদানিকারকগণ অথবা সংরক্ষণকারী প্রতিষ্ঠানের ওপর বর্তাবে।

৮. রপ্তানিযোগ্য অথবা আমদানিকৃত কৃষি ও কৃষিজাত পণ্য হিমাগারে সংরক্ষণ করা হলে সংশ্লিষ্ট রপ্তানি/আমদানিকারক অথবা প্রতিষ্ঠানকে বিএডিসি কর্তৃক নির্ধারিত ভাড়া সেবার মানের শ্রেণিভেদে নির্দিষ্ট সময়ের জন্য পরিশোধ করতে হবে।

৯. হিমাগারের সংরক্ষিত পণ্যের ভাড়া প্রতিমাসের শেষ সপ্তাহে বাধ্যতামূলকভাবে পরিশোধ করতে হবে। হিমাগার হতে সংরক্ষিত পণ্য গ্রহণের পূর্বেই সমুদয় ভাড়া পরিশোধ করতে হবে।

১০.সংরক্ষিত পণ্যের ভাড়ার টাকা বাকি থাকলে হিমাগার কর্তৃপক্ষ ০৭ (সাত) দিনের মধ্যে ভাড়া পরিশোধের জন্য সংশ্লিষ্ট রপ্তানি/আমদানিকারকগণ অথবা প্রতিষ্ঠানকে লিখিতভাবে অবহিত করবেন। যদি উক্ত ০৭ (সাত) দিনের মধ্যে সংরক্ষণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান হিমাগার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ না করেন, তাহলে হিমাগার কর্তৃপক্ষ পণ্য নিলামে বিক্রয়ের অধিকার সংরক্ষণ করবে অথবা পণ্য বিক্রয়ে যে কোন আইনসম্মত ব্যবস্থা হিমাগার কর্তৃপক্ষ গ্রহণ করতে পারবে।

১১. হিমাগার প্রাঙ্গনে শাক-সবজি, ফলমূল ও পান এর প্যাকিং, গ্রেডিং সেবা প্রদানের সুব্যবস্থা রয়েছে।

১২. শীতলীকরণ পরিবহন ব্যবস্থা (Cool Chain Transportation System) এর মাধ্যমে অর্থাৎ ফ্রিজিং ভ্যানের মাধ্যমে পণ্যসমূহ পরিবহন করে হিমাগারে সংরক্ষণ করতে হবে।

১৩. রপ্তানি ও আমদানিযোগ্য কৃষি ও কৃষিজাত পণ্য সামগ্রী পরিবহনে বিএডিসির হিমাগারে শীতলীকরণ পরিবহন ব্যবস্থা (Cool Chain Transportation System) রয়েছে, যা রপ্তানি ও আমদানিকারকগণ অথবা আগ্রহী প্রতিষ্ঠান পণ্য সামগ্রী পরিবহনে সংস্থার নির্ধারিত ভাড়ায় বিএডিসি হিমাগারের ফ্রিজিং ভ্যান ব্যবহার করতে পারবেন।

১৪. প্রাকৃতিক দুর্যোগ, যান্ত্রিক ত্রুটি, বৈদ্যুতিক গোলযোগ অথবা অন্য যে কোন সংগত কারণে সংরক্ষিত পণ্যের কোন প্রকার ক্ষতি সাধিত হলে বা নষ্ট হলে সে ক্ষেত্রে হিমাগার কর্তৃপক্ষকে দায়ি করা যাবে না।

১৫. যান্ত্রিক ও বৈদ্যুতিক গোলযোগের কারণে হিমকক্ষে পণ্য সংরক্ষণে বিঘ্ন ঘটলে সেক্ষেত্রে সংরক্ষণকারীকে নিজ দায়িত্বে ও নিজ খরচে তার রক্ষিত পণ্য সামগ্রি দ্রুত স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সংরক্ষিত পণ্যের কোন প্রকার ক্ষতি সাধিত হলে হিমাগার কর্তৃপক্ষ কোন প্রকারে দায়ি থাকবে না।

১৬. হিমাগারের বানিজ্যিক সময়কাল সকাল ৯.০০ ঘটিকা থেকে রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত। অফিস চলাকালীন সময়ের পর অথবা সরকারি ছুটির দিনেও পণ্য সরবরাহ ও গ্রহণ করা যাবে। তবে হিমাগারের বানিজ্যিক সময়কাল ব্যতীত সেবা গ্রহণের জন্য অতিরিক্ত ভাড়া আদায়যোগ্য।

১৭. পণ্য সংরক্ষণ ও সরবরাহের ক্ষেত্রে অবশ্যই ২৪ ঘন্টা পূর্বে হিমাগার কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং সরবরাহ নেওয়ার সময় পণ্যের চাহিদাপত্র দাখিল করতে হবে।

১৮.পণ্য সংরক্ষণ ও সরবরাহের জন্য হিমাগার কর্তৃক মনোনীত শ্রমিকরাই কেবলমাত্র পণ্য সামগ্রি উঠানো-নামানো ও হিমাগারে প্রবেশের অধিকার সংরক্ষণ করে।

১৯. সংরক্ষণকারী নিজ খরচে ও দায়িত্বে পণ্যাদি হিমকক্ষে সংরক্ষণ ও সরবরাহ নিবেন। হিমাগারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনের ভিত্তিতে পণ্য সংরক্ষণ করা যাবে।

২০. বর্ণিত তথ্যসমূহ ব্যতীত প্রাসঙ্গিক বিষয়াদি নিয়ে অফিস চলাকালীন সময়ে উপপরিচালক (রপ্তানি) এর সাথে যোগাযোগ করা যাবে।

বর্তমানে হিমাগারটির 'সবজি ও মৎস্য হিমাগার' নামের কারণে বিভিন্ন কৃষিজাত পণ্য যেমন- মাংস, ফলমূল, দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য, বেকারী সামগ্রী ইত্যাদি সংরক্ষণের ক্ষেত্রে জটিলতা দেখা দেয়ায় হিমাগারটির নাম **'কৃষি ও কৃষিজাত পণ্য রপ্তানি ও আমদানি সহায়ক হিমাগার'** হিসেবে নামকরণ করা হল।

Atiqullah